গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজিস্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
web:www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৭-২১২

তারিখঃ ১৮/০৭/২০১৭খ্রিঃ
সময়ঃ বিকাল ৪.০০ টা

সমুদ্রবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ

আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর ০২ (দুই), তারিখ: ১৮.০৭.২০১৭ খ্রিঃ

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম-মধ্যবঙ্গোপসাগর এবং উড়িষ্যা উপকূলীয় এলাকায় অবস্থানরত নিম্নচাপটি উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে ভারতের উড়িষ্যা উপকূলের অদূরে পশ্চিম-মধ্যবঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এলাকায় (১৯.৫° উত্তর অক্ষাংশ এবং ৮৫.৫° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছিল। এটি আজ সন্ধ্যা ০৬ টায় (১৮ জুলাই ২০১৭ খ্রিঃ) চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৭৬০ কিঃ মিঃ পশ্চিম-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৭৫০ কিঃ মিঃ পশ্চিম-দক্ষিণপশ্চিমে, মংলা সমুদ্রবন্দর থেকে ৫৬০ কিঃ মিঃ দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্র বন্দর থেকে ৬০০ কিঃ মিঃ দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। এটি আরও উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে আজ রাতে পুরীর নিকট দিয়ে ভারতের উড়িষ্যা উপকূল অতিক্রম করতে পারে। নিম্নচাপ কেন্দ্রের ৪৪ কিঃ মিঃ এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ৪০ কিঃ মিঃ যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ৫০ কিঃ মিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। নিম্নচাপ কেন্দ্রের নিকটবর্তী এলাকায় সাগর মাঝারি ধরণের উত্তাল রয়েছে। চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দর সমূহকে ০৩ (তিন) নম্বর পুনঃ ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। সেই সাথে তাদেরকে গভীর সাগরে বিচরণ না করতে বলা হয়েছে।

আজ ১৮ জুলাই, ২০১৭ খ্রীঃ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রংপুর, দিনাজপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, কুষ্টিয়া, যশোর, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চল সমূহের উপর দিয়ে দক্ষিন/দক্ষিন-পুর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কিঃ মিঃ বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

পূর্বাভাসঃ খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, রংপুর, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ী দমকা/ঝড়ো হাওয়াসহ হাল্কা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।

তাপ প্রবাহঃ রংপুর, দিনাজপুর, সৈয়দপুর, তেতুলিয়ায়, টাঙ্গাইল, বগুড়া ও সিলেট অঞ্চল সমূহের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা প্রশমিত হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরুপ:

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৬.৫	৩৬.০	৩৫.৭	৩৭.০	৩৬.২	৩৭.৬	৩৫.০	৩৪.৭
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.৪	২৭.৪	২৪.০	২৬.৪	২৫.২	২৭.৬	২৬.৫	২৭.৫

দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল দিনাজপুর ৩৭.৬ ° সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল রাংগামাটি ২৪.০° সে.।

নদ-নদীর পানি হ্রাস /বৃদ্ধির সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো)

মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা	৯০ টি	পানি স্থিতিশীল রয়েছে	০৪ টি
পানি বৃদ্ধি পেয়েছে	২৪ টি	তথ্য পাওয়া যায়নি	০৪ টি
পানি হ্রাস পেয়েছে	৫৮ টি	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে	০৮ টি

অদ্য নিম্নবর্ণিত ৮ টি পয়েন্টে নদ-নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

ক্রঃ নং	স্টেশনের নাম	নদীর নাম	গত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে (সে.মি.)
১	কাজিপুর, সিরাজগঞ্জ	যমুনা	-২৩	+৬
২	সিরাজগঞ্জ	যমুনা	-২২	+২৪
৩	বাঘাবাড়ি, সিরাজগঞ্জ	আত্রাই	-১৬	+১২
৪	এলাসিন, টাংগাইল	ধলেশ্বরী	-২১	+৪০
৫	কানাইঘাট, সিলেট	সুরমা	-১৯	+৫২
৬	অমলশীদ, সিলেট	কুশিয়ারা	-৪৪	+৮৬
৭	শেওলা, সিলেট	কুশিয়ারা	-১৬	+৭৫
৮	শেরপুর-সিলেট	কুশিয়ারা	-০২	+৯

১৮/০৭

গত ২৪ ঘন্টায় দেশের বিভিন্ন স্থানে উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ (গতকাল সকাল ০৯ টা থেকে আজ সকাল ০৯ টা পর্যন্ত)

ষ্টেশন/জেলার নাম	বৃষ্টির পরিমাণ (মিমি)
কুমিল্লা	২৬.০

বন্যা সম্পর্কিত তথ্যাদি:

সিলেট: জেলা প্রশাসক, সিলেট এর পত্রের মাধ্যমে জানা যায় যে, সাম্প্রতিক অতিবর্ষণ ও পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় জেলার ৮ টি উপজেলায় ৫৬টি ইউনিয়ন ও ১ পৌরসভা ৪৭৭ টি গ্রাম বন্যার পানিতে প্লাবিত হয়। বন্যায় এ সকল এলাকার ২১,০২০ টি পরিবারের ১,৪৩,৫৩০জন লোক ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া ৪,৮৬১টি ঘরবাড়ি, ৪৩৩০হেক্টর জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে। মৃত হাঁসমুরগী ও গবাদিপশুর সংখ্যা ৭৪২১টি। বন্যার কারণে জেলার ৯৯ টি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখা হয়েছে। জেলায় মোট ১২টি আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে এবং এতে ১৫১ টি পরিবারের ৬৮৯ জন লোক আশ্রয় কেন্দ্রে অবস্থান করছে। **বন্যার পানিতে ডুবে বালাগঞ্জ উপজেলায় ২ জন ও দক্ষিণ সুরমা উপজেলায় ১ জনসহ মোট ৩ জন মারা গেছে।** দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ থেকে ক্ষতিগ্রস্তদের মাঝে বিতরণের জন্য জেলা প্রশাসন কর্তৃক ৬১৩.৫৫০ মেঃটন জিআর চাল, ৯,৩৭,৫০০ টাকা উপজেলায় উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়া ২,০০০ প্যাকেট শুকনো খাবার বন্যার্তদের মাঝে বিতরণ করা হয়েছে। জেলায় নদীর পানি বৃদ্ধি অব্যাহত আছে। সুরমা ও কুশিয়ারা নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

মৌলভীবাজার : জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান যে, অতিবৃষ্টি ও পাহড়ী ঢলে সৃষ্ট বন্যায় জেলার ৭ টি উপজেলার মধ্যে ৫টি উপেজলা ক্ষতিগ্রস্ত হয় (কুলাউড়া ,বড়লেখা, জুরি, রাজনগর ও সদর)। বন্যায় জেলার ২৫টি ইউনিয়ন, ১টি পৌরসভা, ২৯৪টি গ্রাম, ৫৩,৩৪২ পরিবার, ২,৯৪,২৭০ জন লোক, ৫২৫ টি ঘরবাড়ি সম্পূর্ণ, ৬,৯০৮ টি ঘরবাড়ি আংশিক, ৫,৬৪৩হেক্টর জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে। বন্যার কারণে ১২৭টি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। ১৯টি আশ্রয়কেন্দ্রে ৩০২টি পরিবারের ১,৪১৪জন লোক অবস্থান করছে। **বন্যার কারণে জেলার বড়লেখা উপজোয় ৪ জন, রাজনগর উপজেলায় ২জন এবং জুরি উপজেলা ৪ জনসহ মোট ১০ জন লোক এ পর্যন্ত মারা গেছে।** দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক উপজেলাসমূহের অনুকুলে ৯২৫মে.টন জি আর চাউল, ৪০,৯৯,৫০০ জিআর ক্যাশ ও ৩০০০ প্যাকেট শুকনো খাবার উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। বন্যা কবলিত এলাকার পানি নেমে যাচ্ছে। সার্বিক বন্যা পরিস্থিতির উন্নতি হচ্ছে।

জামালপুর: জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢলে নদ-নদীর পানি বৃদ্ধি পেয়ে জেলার ৭ টি উপজেলার (দেওয়ানগঞ্জ, ইসলামপুর, মাদারগঞ্জ, সরিষাবাড়ি, সদর, বকসীগঞ্জ ও মেলান্দহ) ৪৮টি ইউনিয়ন, ৩ টি পৌরসভার ৪৪৭টি গ্রাম বন্যা কবলিত হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবার সংখ্যা- ৪৫,০৫৫টি, ক্ষতিগ্রস্ত লোকসংখ্যা ২,২৮,৮৮০জন, ঘরবাড়ি ৩২৬ টি (সম্পূর্ণ- নদী ভাংগনে), ২,৪৯০টি (আংশিক), ক্ষতিগ্রস্ত ফসল ৭,০৭৩ হেক্টর (আংশিক), কাঁচারাস্তা ২৭৩কি.মি. (আংশিক), পাকা রাস্তা ৪৫ কি.মি. (আংশিক), ব্রীজ কালভার্ট ১টি, বাঁধ ৮ কি.মি. শিক্ষাপ্রতিষ্ঠান ২২৬টি (আংশিক)। বন্যার কারণে ২৯৫টি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। বন্যা কবলিত এলাকায় মোট ৮টি আশ্রয় কেন্দ্রে আশ্রিত লোকের সংখ্যা ৩,২৫৫জন। **বন্যার কারণে মৃতের সংখ্যা ৪ জন।** দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক উপজেলাসমূহের অনুকুলে ৪৫০ মেঃটন জিআর চাল, ৭,১৫,০০০/- টাকা ও ৬,০০০ প্যাকেট শুকনো খাবার উপ-বরাদ্দ করা হয়েছে। বর্তমানে নদীর পানি কমতে শুরু করছে। সার্বিক বন্যা পরিস্থিতির উন্নতি হচ্ছে।

বগুড়া : জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান যে, অতিবর্ষণ ও উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢলে জেলার ৩ টি উপজেলার (সারিয়াকান্দি, সোনাতলা ও ধুনট) ১৪টি ইউনিয়নের ১৯১টি গ্রাম বন্যা কবলিত হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবার ১৭,০৪০টি, ক্ষতিগ্রস্ত ফসল ৫,০৮৫হেক্টর, পাকা রাস্তা ৫ কি.মি. কাঁচারাস্তা ৬০ কি.মি., শিক্ষা প্রতিষ্ঠান ৮১টি। বন্যার কারণে আশ্রয়ন প্রকল্পে ৩,০৬০ জন, বিভিন্ন বাঁধে ১৪,১০০জন আশ্রয় গ্রহণ করেছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক ক্ষতিগ্রস্ত উপজেলাসমূহের অনুকুলে ২৮৫মে.টন জিআর চাউল এবং ৩,৫০,০০০টাকা এবং ২,০০০প্যাকেট শুকনো খাবার উপ-বরাদ্দ করা হয়েছে। নদ-নদীর পানি কমছে। বন্যা কবলিত এলাকার পানি নেমে যাচ্ছে। বন্যা পরিস্থিতির উন্নতি হচ্ছে।

গাইবান্ধা : জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান যে, সম্প্রতি অতিবৃষ্টি ও উজান থেকে আসা পানিতে নদ-নদীর পানি বৃদ্ধি পেয়ে জেলার ৭টি উপজেলার মধ্যে ৪টি উপজেলার ৩০ টি ইউনিয়নের ১৯৪টি গ্রাম বন্যা কবলিত হয়ে ৬০,৩৩৮টি পরিবার ও ২,৪১,২১৩জন লোক ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়া ঘরবাড়ি ১২,৭৫৭টি, ফসল ২৫৪ হেক্টর, শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠান ১৩৪টি ক্ষতিগ্রস্ত হয়েছে। **বন্যার কারণে ৪ জন লোকের মৃত্যু হয়েছে।** বন্যার কারণে ৩৪টি আশ্রয় কেন্দ্রে ৪,৯২০ জন লোক অবস্থান করছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক বন্যার্তদের মাঝে ২৯৫ মে.টন জিআর চাউল, ১৭,৫০,০০০ টাকা জিআর ক্যাশ বিতরণ করা হয়েছে। বন্যা কবলিত এলাকার পানি দ্রুত নেমে যাচ্ছে। **পরিস্থিতির উন্নতি হচ্ছে।**

সিরাজগঞ্জ: জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা কর্তৃক প্রেরিত পত্রে জানা যায় যে, অতিবৃষ্টি ও উজান থেকে আসা পানিতে নদ-নদীর পানি বৃদ্ধি পেয়ে জেলার ৫ টি উপজেলা (সিরাজগঞ্জ সদর, কাজীপুর, বেলকুচি, চৌহালী ও শাহাজাদপুর) এর নিচু এলাকা প্লাবিত হয়েছে। ফলে ৫ টি উপজেলার ৫০ টি ইউনিয়নের মধ্যে ৪৫ টি ইউনিয়রের ২৪৭ টি গ্রাম, ৫০১২৫টি পরিবার, ২,৩২,৮০০ জন লোক ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়াও ক্ষতিগ্রস্ত ঘরবাড়ির সংখ্যা সম্পূর্ণ- ২১৩৯টি, আংশিক- ২৮১৭৭টি, ক্ষতিগ্রস্ত ফসলের পরিমান ১৩,৭৫৬ হেক্টর, ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান সম্পূর্ণ ৯ টি, আংশিক ৩৭৬ টি, বাঁধ আংশিক ৬ কি.মি.। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক ক্ষতিগ্রস্তদের সাহার্যার্থে ৩৬৩ মে. টন জি আর চাউল, ৯,০০,০০০/- টাকা ও ২০০০ প্যাকেট শুকনো খাবার বিতরণ করা হয়েছে। জেলায় বন্যার পানি দ্রুত কমতেছে। পরিস্থিতির উন্নতি হচ্ছে।

কুড়িগ্রাম : অতিবৃষ্টি ও উজান থেকে আসা পানিতে নদ-নদীর পানি বৃদ্ধি পেয়ে জেলার ৯ টি উপজেলার ৪২ টি ইউনিয়নের ৫৪৮ টি গ্রাম বন্যা কবিলেত হয়েছে। বন্যায় ৫২,৩৯৩ টি পরিবার, ১,৫৮,৫৭১ জন লোক, ৪৯,৩৯২ টি ঘরবাড়ি, ৩,৮১২ হেক্টর জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়া

শিক্ষা প্রতিষ্ঠান ৪৩ টি, ব্রীজ কালভার্ট ১৭ টি (আংশিক), বাঁধ ১.৫ কি.মি. ক্ষতিগ্রস্ত হয়। জেলায় মোট ২৫৯ টি আশ্রয় কেন্দ্র খোলা হয়েছে। এর মধ্যে ২৫ টি আশ্রয় কেন্দ্রে ৯১৩পরিবার আশ্রয় গ্রহণ করেছে। **বন্যার পানিতে ডুবে জেলার চিলমারি উপজেলায় ৩ জন ও সদর উপজেলায় ১ জনসহ মোট ৪ জনের মৃত্যু হয়েছে।** দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক ক্ষতিগ্রস্তদের সাহার্যার্থে ৪০০ মে.টন চাল এবং ১১,৫০,০০০ টাকা এবং ৪,০০০ প্যাকেট শুকনো খাবার ক্ষতিগ্রস্ত উপজেলাসমূহের অনুকুলে বরাদ্দ প্রদান করা হয়েছে। বন্যার পানি কমতে শুরু করছে। বন্যা পরিস্থিতির উন্নতি হচ্ছে।

লালমনিরহাট: জেলা প্রশাসক জানান যে, জেলার ৪টি উপজেলার ১৭ টি ইউনিয়ন এবং ২৬,১৯৯ টি পরিবার (আংশিক) ক্ষতিগ্রস্ত হয়। অন্যান্য উপজেলায় বন্যা দেখা দেয়নি। হাতিবান্ধা উপজেলার বন্যার পানি নেমে গেছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক ক্ষতিগ্রস্তদের সাহার্যার্থে ২২৩ মে.টন জিআর চাল এবং ১৪ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। নদীর পানি কমছে। বন্যা কবলিত এলাকার পানি কমে গেছে। বন্যা পরিস্থিতির উন্নতি হয়েছে।

রংপুর: জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান যে, অতিবৃষ্টি ও উজানে নেমে আসা পানিতে জেলার ৩টি উপজেলা (গংগাচুড়া, কাওনিয়া, পীরগাছা) এর ১১ টি ইউনিয়ন, ৪৮ টি গ্রাম, ৯,৪৮৫ টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়। পীরগাছা উপজেলায় ২ টি স্কুলে পানি প্রবেশ করে। গংগাচুড়া উপজেলায় তিস্তা নদীর ভাংগনে ১৩০ টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক গংগাচড়া উপজেলায় ৪০মেট্রিক টন, কাউনিয়া উপজেলায় ১০মে.টন এবং পীরগাছা উপজেলায় ১০মে.টন চাউল বরাদ্দ প্রদান করা হয়েছে। বন্যার পানি নেমে গেছে। সার্বিক বন্যা পরিস্থিতি স্বাভাবিক।

নীলফামারী: জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান যে, অতিবর্ষণ ও উজানে নেমে আসা পানিতে জেলার ২টি উপজেলা (ডিমলা এবং জলঢাকা) এর ১০টি ইউনিয়ন এবং ৩,২৮০ পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক ক্ষতিগ্রস্থদের সাহার্যার্থে ১৮০ মে.টন চাল এবং ৬,০০,০০০টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। নদ-নদীর পানি বিপদসীমার অনেক নিচে। বন্যা কবলিত এলাকার পানি নেমে গেছে। পরিস্থিতির উন্নতি হয়েছে।

ক্ষয়ক্ষতি ও ত্রাণ সামগ্রী বরাদ্দের বিবরণ পরিশিষ্ট 'ক' ও 'খ'।

(জি এম আব্দুল কাদের)
উপ-সচিব (এনডিআরসিসি)
ফোন: ৯৫৪৫১১৫

সদয় অবগতি/ প্রয়োজনীয় কার্যার্থেঃ (জ্যেষ্ঠতা /পদ মর্যাদার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/ ত্রাণ/দুব্য/সিপিপি ও এনডিআরসিসি/উন্নয়ন/ত্রাণ প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৮। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা।
০৯। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধসহ।
১০। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১২। যুগ্ম সচিব (প্রশাঃ/ সেবা /দুব্যক-১/দুব্যক-২/সমন্বয় ও সংসদ/ত্রাণ প্রশাসন/আইন সেল/দুব্যপ্রঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৩। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৪। উপ-সচিব (দুব্যক-১/দুব্যক-২/প্রশাঃ/বাজেট/অডিট/ত্রাণ প্রশাঃ/ত্রাণ-১/ত্রাণ-২)/উপ-প্রধান, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৫। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধসহ।
১৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৭। মন্ত্রীর সহকারী একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭x২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ NDRCC'র টেলিফোন নম্বরঃ ৯৫৪৫১১৫, ৯৫৪৯১১৬, ৯৫৪০৪৫৪; **ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৭৫০০০। Email: ndrcc@modmr.gov.bd/ drcc.dmrd@gmail.com, হট লাইনঃ ০১৯৩৭-১৬৩৫৮২, ০১৭১১-১৬১৯২৬, ০১৫৩৬-২৩৯২৬০, মোবাইল নম্বরঃ** অতিরিক্ত সচিব (এনডিআরসিসি) ০১৭৩৭-২৫০৮৮৮, www.modmr.gov.bd

পরিশিষ্ট 'ক'

জুলাই, ২০১৭ মাসে অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় ক্ষয়ক্ষতি বিবরণ

(জেলা প্রশাসকের নিকট হইতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে)

তারিখঃ ১৮.০৭.২০১৭ খ্রীঃ

ক্রঃ নং	ক্ষতিগ্রস্তজেলার নাম	ক্ষতি উপ-জেলা	ক্ষতিঃ পৌর সভা	ক্ষতিঃ ইউনিয়ন	ক্ষতিঃ গ্রাম	ক্ষতিগ্রস্ত পরিবার সংখ্যা		ক্ষতিগ্রস্ত লোকসংখ্যা		ক্ষতিগ্রস্ত ঘরবাড়ীর সংখ্যা		ক্ষতিগ্রস্ত ফসলি জমি (হেক্টরে)		মৃত লোক সংখ্যা	মৃত হাঁস-মুরগী	ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠান (শিক্ষা/ ধর্মীয়)		ক্ষতিগ্রস্ত রাস্তা (কিঃমিঃ)		ক্ষতি ব্রীজ/ কাল ভার্ট	ক্ষতিঃ বাঁধ কিমিঃ		ব্যবহৃত আশ্রয় কেন্দ্রের সংখ্যা	আশ্রিত লোক সংখ্যা
						সঃ	আং	সঃ	আং	সঃ	আং	সঃ	আং			সঃ	আং	(স)	(আং		সঃ	আং		
১	২	৩		৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪
১	সিলেট	৮	১	৫৬	৪৭৭		২১০২০		১৪৩৫৩০		৪৮৬১		৪৩৩০	৩	৭৪২১		১৫৮					৩.৪৪	১২	৬৮৯
২	মৌঃবাজার	৫	১	২৫	২৯৪		৫৩৩৪২		২৯৪২৭০	৫২৫	৬৯০৮		৫৬৪৩	১০			১৩						১৯	১৪১৪
৩	জামালপুর	৭	৩	৪৮	৪৪৭		৪৫০৫৫		২২৮৮৮০	৩২৬	২৪৯০		৭০৭৩	৪			২২৬		৩১৮.	১		৮.	৮	৩২৫৫
৪	বগুড়া	৩		১৪	১৯১		১৭০৪০		৮৫২০০				৫০৮৫				৮১		৬৫				বাঁধে	১৪১০০
৫	গাইবান্ধা	৪		৩০	১৯৪		৬০৩৩৮		২৪১২১৩		১২৭৫৭		২৫৪	৪			১৩৪		৮১	১		০.০১	৩৪	৪৯২০
৬	সিরাজগঞ্জ	৬	১	৪৫	২৪৭		৫০১২৫		২৩২৮০০	২১৩৯	২৮১৭৭		১৩৭৫৬			৯	৩৭৬					৬		
৭	কুড়িগ্রাম	৯		৪২	৫৪৮		৫২৩৯৩		১৫৮৫৭১		৪৯৩৯২		৩৮১২	৪			৪৩			১৭		১.৫	২৫	৪৫৬৫
৮	লালমানিরহাট	৪		১৭	২২১		২৬১৯৯		১৩০৯৯৫															
৯	রংপুর	৩		১১	৪৮		৯৪৮৫		৪৭৪২৫								২							
১০	নীলফামারী	২		১০	১৩০		৩২৮০		১৬৪০০															
মোট		৫১	৬	২৯৮	২৭৯৭	০	৩৩৮২৭৭	০	১৫৭৯২৮৪	২৯৯০	১০৪৫৮৫	০	৩৯৯৫৩	২৫	৭৪২১	৯	১০৩৩	০	৪৬৪	১৯	০	১৯	৯৮	২৮৯৪৩

(জি,এম আব্দুল কাদের)
উপ-সচিব(এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৫১১৫

পরিশিষ্ট 'খ'

জুলাই, ২০১৭ মাসে অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় ক্ষতিগ্রস্ত জেলায় বরাদ্দকৃত ত্রাণ সামগ্রীর বিবরণ

তারিখঃ ১৮.৭.২০১৭খ্রিঃ

ক্রঃ নং	জেলার নাম	জিআর চাল (মেঃটন)			জিআর ক্যাশ			শুকনো খাবার (প্যাকেট)	
		মোট বরাদ্দ	বিতরণ	বর্তমানে মজুদ	মোট বরাদ্দ	বিতরণ	বর্তমানে মজুদ	বরাদ্দ	বিতরণ
১	সিলেট	৯০০	৬১৩	২৮৭	১২০০০০০	৯৩৭০০০	২৬৩০০০	২০০০	২০০০
২	মৌঃবাজার	১০২৫	৯২৫	১০০	৪৬০০০০০	৪০৯৯৫০০	৫০০৫০০	৩০০০	৩০০০
৩	জামালপুর	৫২৫	৪৫০	৭৫	১৪৫০০০০	৭১৫০০০	৭৩৫০০০	৬০০০	৬০০০
৪	বগুড়া	৫৫০	২৮৫	২৬৫	১২০০০০০	৩৫০০০০	৮৫০০০০	৪০০০	২০০০
৫	গাইবান্ধা	৮২৫	২৯৫	৫৩০	২৮০০০০০	১৭৫০০০০	১০৫০০০০	৬০০০	
৬	সিরাজগঞ্জ	৬৫০	৩৬৩	২৮৭	২২০০০০০	৯০০০০০	১৩০০০০০	৪০০০	২০০০
৭	কুড়িগ্রাম	৯৫০	৪০০	৫৫০	২৩০০০০০	১১৫০০০০	১১৫০০০০	৬০০০	৪০০০
৮	লালমানিরহাট	৪২৫	২২৩	২০২	১৯৫০০০০	১৪০০০০০	৫৫০০০০	৫০০০	
৯	রংপুর	১০০	৬০	৪০	২০০০০০		২০০০০০		
১০	নীলফামারী	৩৭৫	১৮০	১৯৫	১৪৫০০০০	৬০০০০০	৮৫০০০০	৪০০০	
	মোট	**৬৩২৫**	**৩৭৯৪**	**২৫৩১**	**১৯৩৫০০০০**	**১১৯০১৫০০**	**৭৪৪৮৫০০**	**৪০০০০**	**১৯০০০**

(জি,এম আব্দুল কাদের)
উপ-সচিব(এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৫১১৫